

বিএন ওয়েবসাইটে প্রকাশের জন্য সচিত্র প্রতিবেদন জুলাই - ২০২১

১। কোভিড-১৯ এর বর্তমান দৃশ্য এবং দ্বিতীয় তরঙ্গ প্রতিরোধের ব্যবস্থা সম্পর্কে অনলাইন উপস্থাপনা। গত ০৭ জুলাই ২০২১ তারিখে সার্জন কমান্ডার এম বদরুল আলম, মেডিসিন বিশেষজ্ঞ কর্তৃক ভিডিও কনফারেন্স এর মাধ্যমে কোভিড-১৯ এর বর্তমান অবস্থা এবং দ্বিতীয় তরঙ্গ প্রতিরোধে করণীয় ব্যবস্থা সম্পর্কে উপস্থাপন করা হয়। উক্ত অনুষ্ঠানে (কোভিড-১৯ স্বাস্থ্যবিধি মেনে) অত্র ঘাঁটির পল্টুন ও নির্মাণাধীন বিল্ডিং এ ছোট ছোট গ্রুপে উপস্থিত সকল কর্মকর্তা, নাবিক এবং অসামরিক কর্মচারীগণ (কর্তব্যরত ব্যক্তি ব্যতীত) উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে কমান্ডার খুলনা নেভাল এরিয়া কোভিড-১৯ এবং এর প্রতিরোধের ব্যবস্থা সম্পর্কে মূল্যবান বক্তব্য পেশ করেন। এ ধরনের আয়োজনের মাধ্যমে সর্বস্তরের নৌ সদস্যদের মাঝে কোভিড-১৯ প্রতিরোধে সচেতনতা আরো বৃদ্ধি পাবে বলে সকলে মত প্রকাশ করেন।



শের-ই-বাংলা কর্তৃক কোভিড-১৯ এর বর্তমান দৃশ্য এবং দ্বিতীয় তরঙ্গ প্রতিরোধের ব্যবস্থা সম্পর্কে অনলাইন উপস্থাপনের স্থিরচিত্র।

২। হেলিকপ্টার অপারেশন ও রি-ফুয়েলিং কার্যক্রম। Out Standing Landing of BN Helicopter For Training এর অংশ হিসেবে গত ০৮ জুলাই ২০২১ তারিখে BN Helicopter অত্র ঘাঁটির হ্যালিপ্যাডে অবতরণ করে এবং রি-ফুয়েলিং কার্যক্রম সম্পন্ন করে। অত্র ঘাঁটি হতে রি-ফুয়েলিং এর জন্য সকল ধরনের সহায়তা প্রদান করা হয়।



শের-ই-বাংলা কর্তৃক BN Helicopter অপারেশন ও রি-ফুয়েলিং কার্যক্রমের স্থিরচিত্র।

৩। সিও'স টক।

গত ০৮ জুলাই ২০২১ তারিখে স্বাস্থ্যবিধি অনুসরণ করতঃ অধিনায়ক ঘাঁটিতে কর্মরত সকল নৌ সদস্য ও অসামরিক ব্যক্তিবর্গের উদ্দেশ্যে দিকনির্দেশনা প্রদান করেন। একই সাথে অধিনায়কের বক্তব্যের পর মুক্ত আলোচনার সুযোগ দেয়া হয়। কোভিড-১৯ এর সংক্রমন বৃদ্ধি পাওয়ায় এ সংক্রান্ত বিধিনিষেধ সকলকে কঠোরভাবে মেনে চলার নির্দেশনা দেয়া হয়। এছাড়া নিজ ও পরিবারের অন্যান্য সদস্যদের সরকারি নির্দেশনা অনুযায়ী দ্রুততর সময়ে রেজিস্ট্রেশন সম্পন্ন ও টিকা গ্রহণের বিষয়ে জোর আরোপ করেন। সম্প্রতি ডেঙ্গুর সংক্রমণের বিষয়েও তিনি সকলকে প্রয়োজনীয় বিধিনিষেধ মেনে চলার নির্দেশনা দেন। বর্তমান বিরাজমান পরিস্থিতিতে সুস্বাস্থ্য বজায় রাখতে ছোট ছোট গ্রুপে বিভক্ত হয়ে প্রাতঃকালীন শরীরচর্চা ও বৈকালীন খেলাধুলায় অংশ গ্রহণ করতে বলেন। এছাড়া মানসিক স্বাস্থ্য ও মনোবল অটুট রাখতে বিভিন্ন গঠনমূলক সিনেমা, ধর্মীয় আলোচনা, প্রফেশনাল কুইজ ও বিভিন্ন প্রতিযোগিতা আয়োজনের নির্দেশ দেন। কর্মসক্ষমতা ও প্রফেশনাল জ্ঞান বৃদ্ধির উদ্দেশ্যে সকলকে স্ব উদ্যোগে পদক্ষেপ নেয়ার বিষয়ে জোর দেন। ঈদ-উল-আযহা এর ছুটির দিনগুলোতে অধিকতর সতর্ক এবং চলমান বর্ষা মৌসুমে সাবধানতার সাথে দৈনিক কার্যক্রম পরিচালনা করতে বলেন। ঘাঁটির চলমান নির্মাণকার্য যথাসময়ে সম্পন্ন করার জন্য সকলের আন্তরিক প্রচেষ্টা ও সহযোগীতা করার বিষয়টি জোর আরোপ করেন।



শের-ই-বাংলা কর্তৃক সিও'স টকের স্থিরচিত্র।

৪। বিশেষ মোনাজাত।

গত ১৪ জুলাই ২০২১ তারিখে প্রাক্তন নৌবাহিনী প্রধান রিয়ার এডমিরাল এম মোহাইমিনুল ইসলামের ১ম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে বাদ যোহর ঘাঁটিস্থ পনটুনে মরহুমের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। উক্ত মোনাজাতে কর্তব্যরত ব্যক্তি ব্যতিত সকলেই উপস্থিত ছিলেন।



বানৌজা শের-ই-বাংলা কর্তৃক বিশেষ মোনাজাতের স্থিরচিত্র।

৫। **ঈদ-উল-আযহা উদযাপন।** পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে গত ১৯ জুলাই ২০২১ তারিখে নিবাহী কর্মকর্তা কর্তৃক (কোভিড-১৯ স্বাস্থ্যবিধি মেনে) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় নৌবাহিনী প্রধান এবং কমান্ডার খুলনা নেভাল এরিয়া এর ঈদের শুভেচ্ছা বাণী পাঠ করে শোনানো হয়। গত ২১ জুলাই ২০২১ তারিখে ঘাঁটিস্থ নির্মাণাধীন বিল্ডিং এ সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি অনুসরণ করতঃ পবিত্র ঈদ-উল-আযহার নামাজ ও বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। উক্ত মোনাজাতে দেশ ও জাতীর সংহতি ও অগ্রগতি, কোভিড-১৯ সংক্রান্ত উদ্ভূত পরিস্থিতি হতে উত্তরণ এবং সশস্ত্র বাহিনীর উত্তরোত্তর উন্নতি কামনা করা হয়। এতে অধিনায়কসহ ঘাঁটিতে অবস্থানরত সকল সামরিক ও অসামরিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এরপর নির্ধারিত স্থানে পশু কোরবানী করা হয়। অধিনায়ক ঈদ-উল-আযহার দিন সকলের সাথে উপস্থিত থেকে ঈদ উদযাপন করায় সর্বস্তরের নৌসদস্যদের মাঝে আনন্দ ও উদ্দীপনা লক্ষ্য করা যায়।



পবিত্র ঈদ-উল-আযহা উদযাপনের ছিরিচিত্র (সোলাম)।

৬। **সিও'স টক।** গত ১৫ জুলাই ২০২১ তারিখ ০৮৩০ ঘটিকায় সোলামের শিপস্ কোম্পানি ডাইনিং হলে সামাজিক দূরত্ব বজায় রেখে সিও'স টক অনুষ্ঠিত হয়। উক্ত সিও'স টকে ঘাটির অধিনায়ক ক্যাপ্টেন সাদ ইম্ন ইশতিয়াক,(এস),পিএসসি,বিএন বৈশ্বিক মহামারি কোভিড-১৯ পরিস্থিতির ২য় ধাপে স্বাভাবিক জীবন যাপনের পাশাপাশি সামাজিক দূরত্ব বজায় রাখা, মাস্ক পরিধান ও সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য নির্দেশনা মেনে চলার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি বিকাশ একাউন্টের মাধ্যমে টাকা লেনদেনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন, স্যালারি একাউন্টে রেশন ভাউচারের সমপরিমান অর্থ জমা রাখা, মাদক গ্রহণের কুফল ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা অবলম্বনের পাশাপাশি বিবাহ বহির্ভূত সম্পর্ক থেকে সকলকে বিরত থাকার পরামর্শ প্রদান করেন। উক্ত সিও'স টকে ঘাটির সকল কর্মকর্তা, জেসিও, পিও, নাবিক এবং অসামরিক কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



সিও'স টকের কয়েকটি মুহূর্ত (সোলাম)।

৭। **ঈদ-উল-আযহা উদযাপন।** গত ২১ জুলাই ২০২১ তারিখে পবিত্র ঈদ-উল-অযহা উপলক্ষ্যে বাংলাদেশ নৌবাহিনীর ঘাটি স্কুল অফ লজিস্টিকস্ এন্ড ম্যানেজমেন্ট এ যথাযথ সামাজিক দূরত্ব বজায় রেখে তিনটি ঈদের জামাত অনুষ্ঠিত হয়। সকাল ০৭১৫ ঘটিকায় প্রথম জামাত, ০৮০৫ ঘটিকায় দ্বিতীয় ও ০৮৫৫ ঘটিকায় তৃতীয় জামাত অনুষ্ঠিত হয়। উক্ত নামাজে অত্র ঘাটির অধিনায়কসহ ভিতরে বসবাসকারী সামরিক ও অসামরিক কর্মকর্তা, নাবিক ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। নামাজ শেষে অত্র ঘাটিতে ঈদ-উল-অযহা উপলক্ষ্যে গুরু কোরবানী করা হয়। পরবর্তীতে অধিনায়ক কর্তব্যরত ব্যক্তিবর্গের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।



ঈদ-উল-আযহা উদযাপনের কয়েকটি মুহূর্ত (সোলাম)।